

এভাবেই ভাঙন শুরু হয়েছে হরিশ্চন্দ্রপুরের রশিদপুরে। বৃহস্পতিবার।

## আতঙ্কে রাত জাগছেন বাসিন্দারা

# ফুলহরের গ্রাসে রশিদপুর গ্রাম

**সৌরভকুমার মিশ্র**

**হরিশ্চন্দ্রপুর, ২৬ জুন :** হরিশ্চন্দ্রপুরজুড়ে কয়েকদিনের লাগাতার বৃষ্টির ফলে জল বাড়তে শুরু করেছে হরিশ্চন্দ্রপুর থানা এলাকার ফুলহর নদীতে। এই পরিস্থিতিতে ভাঙন শুরু হয়েছে নদীর দক্ষিণ তীরবর্তী রশিদপুরে। আতঙ্কে ওই এলাকার বাসিন্দাদের পাশাপাশি একাধিক গ্রামের বাসিন্দা। রশিদপুরেই ফুলহর নদী প্রায় ৯০ ডিগ্রির মতো বাঁক নিয়েছে।

স্থানীয় কৃষক কুন্দন যাদবের কথায়, 'ভাঙনের আতঙ্কে এখন থেকে রাত জাগতে শুরু করেছি। আমরা চাই আমাদের স্থায়ী পুনর্বাসনের দিকে নজর দিক সরকার।'

যদিও হরিশ্চন্দ্রপুর-২ ব্লকের বিডিও তাপস পাল বলেন, 'ইতিমধ্যে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে কথা হয়েছে। চলতি বছরেই ওই এলাকায় ভাঙন রোধের জন্য প্রোজেক্ট নেওয়া হয়েছে বলে আমি জানি। সেটি অনুমোদনের জন্য রাজ্যেও পাঠানো হয়েছে।'

এদিন এলাকায় গিয়ে দেখা গেল, নদীর তীরবর্তী পাড়ের জমিতে ভাঙনের প্রভাবে ফাটল ধরেছে। ইতিমধ্যে অনেক কৃষকের জমি নদীর তলায় চলে গিয়েছে বলে তাঁদের দাবি। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, প্রতিবছর ফুলহর নদীর ভাঙনে রশিদপুরের ক্ষতি হয়। অথচ প্রশাসন কোনও ব্যবস্থা নেয় না। এখনও পদক্ষেপ না করলে রশিদপুর জলের তলায় চলে যেতে পারে বলে তাঁদের আশঙ্কা।

রশিদপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মহম্মদ আকাশের কথায়, 'গতকাল রাত থেকে ব্যাপক ভাঙন শুরু হয়েছে। আর কিছুটা ভাঙন হলেই আমার বাড়িও ফুলহরের তলায় চলে যাবে। পরিবার নিয়ে আশঙ্কায় দিন কাটাচ্ছি। জানি না সরকার আমাদের নিয়ে কী ভাবছে।'

ফুলহর নদীর দক্ষিণ তীরবর্তী অংশে ইসলামপুর পঞ্চায়েতের রশিদপুর, ভাকুরিয়া, কাউয়াডোল, মীরপাড়া, তাঁতিপাড়া সহ একাধিক গ্রাম রয়েছে। ফুলহর নদীতে জল বাড়লে বা কমলে, ভাঙন বা প্লাবনে ক্ষতিগ্রস্ত হয় এলাকাগুলি। প্রকৃতপক্ষে এগুলি হল নদীর অসংরক্ষিত এলাকা।

এদিকে সেচ দপ্তরের মতে, নদীর অসংরক্ষিত অঞ্চল দক্ষিণ পাড়ে প্রাকৃতিক নিয়মে ভাঙন হবেই। বাঁকের জন্য রশিদপুরে নদীর ঘূর্ণন ওই এলাকায় সবথেকে বেশি থাকে। ফলে ভাঙনটা তাড়াতাড়ি শুরু হয়।

এ বিষয়ে মহানন্দা সেচ দপ্তরের জেলার এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার শুভঙ্কর গুড়িয়া বলেন, 'জল সামান্য বেড়েছে। ইতিমধ্যে আমরা ওই এলাকায় ভাঙন রোধের জন্য প্রোজেক্ট বানিয়ে অনুমোদনের জন্য পাঠিয়ে দিয়েছি। আশা করছি অনুমোদন হয়ে যাবে। তবে পুজোর পরেই কাজ শুরু হবে।'

এদিকে, ভাঙন নিয়ে সেচমন্ত্রী মানস ভুঁইয়ার সঙ্গে কথা বলেছেন বলে এলাকার বিধায়ক তজমুল হোসেন জানান। বিধায়কের কথায়, 'রশিদপুর এলাকায় ভাঙন রোধের জন্য তিনি অবিলম্বে পদক্ষেপ করবেন বলে আশ্বাস দিয়েছেন। আশা করি দ্রুত সমস্যার সমাধান হবে।'

> ভাঙনের আতঙ্কে এখন থেকে রাত জাগতে শুরু করেছি। আমরা চাই আমাদের স্থায়ী পুনর্বাসনের দিকে নজর দিক সরকার।
>
> **– কুন্দন যাদব, কৃষক**

**সমস্যা যেখানে**

- প্রতিবছর ফুলহর নদীর ভাঙনে রশিদপুরের ক্ষতি হয়
- এবারও রশিদপুরেই ফুলহর নদী প্রায় ৯০ ডিগ্রির মতো বাঁক নিয়েছে
- নদীর তীরবর্তী পাড়ের জমিতে ভাঙনের প্রভাবে ফাটল ধরেছে
- ইতিমধ্যে অনেক কৃষকের জমি নদীর তলায় চলে গিয়েছে বলে তাঁদের দাবি

# টুকলির ঘটনায় ছাত্র নেতার ছবি টাঙিয়ে জুতোপেটা



হরিশ্চন্দ্রপুর কলেজে টিএমসিপি'র বিক্ষোভ।

**সৌরভকুমার মিশ্র**

**হরিশ্চন্দ্রপুর, ২৬ জুন :** পরীক্ষায় এক পড়ুয়াকে টুকলিতে বাধা দেওয়ায় তৃণমূল ছাত্র পরিষদের (টিএমসিপি) ব্লক সভাপতি বিমান ঝা মালদার হরিশ্চন্দ্রপুর কলেজের অধ্যক্ষকে হুমকি দেওয়ার পাশাপাশি তাঁকে হেনস্তা করেছেন বলে অভিযোগ। বিমানের বিরুদ্ধে এবার টিএমসিপির একাংশ বিক্ষোভ জানাল। গঙ্গাজল দিয়ে কলেজ চত্বর ধোয়া হল। ওই ছাত্র নেতার ছবি টাঙিয়ে তাতে জুতোপেটাও করা হল। ঘটনাটিকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায়।

তৃণমূল ছাত্র পরিষদের কলেজ ইউনিটের সহ সভাপতি শামিম আখতার বলেন, 'এমন কাজ করে বিমান ঝা খুব অন্যায় করেছেন। এজন্য আমরা অধ্যক্ষের কাছে ক্ষমা চেয়েছি।' সংগঠনের আরেক সহ সভাপতি সুরজিৎ দাস বললেন, 'আমরা বিমানের অপসারণ চাই।' টিএমসিপির জেলা সভাপতি প্রসূন রায়ের আশ্বাস, 'হরিশ্চন্দ্রপুর কলেজে এমন কোনও ঘটনা ঘটেছে বলে জানা নেই। তবে বিমানের বিরুদ্ধে এর আগেও বহু অভিযোগ ছিল। সমস্ত কিছু খতিয়ে দেখে সংগঠন যা ব্যবস্থা নেওয়ার নেবে।' বৃহস্পতিবার বেশ কয়েকবার অভিযুক্ত ছাত্র নেতাকে ফোন করা হলে তিনি সাড়া দেননি। মেসেজ পাঠানো হলেও তার উত্তর দেননি। অধ্যক্ষ সুমিত নন্দী বললেন, 'টিএমসিপির কলেজ ইউনিটের সমস্ত ছাত্রছাত্রী আমার কাছে এসেছিলেন। সেদিনের ঘটনার জন্য আমার কাছে দুঃখ প্রকাশ করেন। আমার নিরাপত্তা কোনওভাবে বিঘ্নিত হবে না বলে তাঁরা আমাকে আশ্বস্ত করেছেন।' অধ্যক্ষ খুব খুশি, 'পড়ুয়ারা যখন এভাবে নিরাপত্তা নিয়ে আশ্বাস দেন, তখন একজন শিক্ষকের কোনও দুশ্চিন্তা থাকে না।' চলতি সপ্তাহে হরিশ্চন্দ্রপুর কলেজে সিমেস্টারের পরীক্ষা চলছিল। সেই সময় এক পড়ুয়ার বিরুদ্ধে টুকলির অভিযোগ ওঠে। পরিদর্শক সেই ছাত্রের খাতা ১০ মিনিটের জন্য কেড়ে নেন। এই ঘটনার দু'দিন পরে গত সোমবার বিমান কলেজে ঢুকে অধ্যক্ষকে হুমকি দেওয়ার পাশাপাশি হেনস্তা করেন বলে অভিযোগ। কী কারণে ওই পড়ুয়ার খাতা কেড়ে নেওয়া হল বলে তিনি কৈফিয়তও দাবি করেন। বুধবার গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের একটি তদন্তকারী দল কলেজে এসে ঘটনার তদন্ত করে।

বৃহস্পতিবার টিএমসিপির একাংশ অভিযুক্ত ব্লক সভাপতির বিরুদ্ধে বিক্ষোভ দেখায়। গঙ্গাজল দিয়ে কলেজ শুদ্ধিকরণ করা হয়। বিমানের অপসারণ চেয়ে প্ল্যাকার্ড হাতে মিছিল করা হয়। অধ্যক্ষের কাছে গিয়ে বিমানের কৃতকর্মের জন্য দুঃখপ্রকাশ করা হয়।

## পুকুরে মিলল তরুণের দেহ

**তপন, ২৬ জুন :** বৃহস্পতিবার সকালে তপন ব্লকের হরসুরা গ্রাম পঞ্চায়েতের শ্রীরামপুর এলাকা থেকে এক তরুণের মৃতদেহ উদ্ধার হয়। গুপিন টুডু (৩১) নামে ওই তরুণ রামপুরের কৃষ্ণবাটী এলাকার বাসিন্দা ছিলেন। ওই ব্যক্তি পেশায় ট্র্যাক্টরচালক ছিলেন। প্রতিদিনের মতোই ট্র্যাক্টর চালাতে তিনি বুধবার সকালে শ্রীরামপুরে গিয়েছিলেন। সন্ধ্যার মধ্যেই তিনি সাধারণত বাড়ি ফিরলেও সেদিন ফেরেননি। রাতভর খোঁজাখুঁজি চালালেও তাঁর সন্ধান মেলেনি। এদিন সকালে শ্রীরামপুরের একটি পুকুরে তাঁর মৃতদেহ ভেসে ওঠে। গুপিনের মৃগী রোগ ছিল। পুকুরে মুখ-হাত ধুতে নামার সময় মৃগীর কারণে তিনি জলে পড়ে গিয়ে মারা যান বলে পরিবারের সদস্যদের অনুমান। রামপুর ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বালুরঘাট সদর হাসপাতালে পাঠায়। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

## কৃষকদের সভা

**কালিয়াগঞ্জ, ২৬ জুন :** বুনিয়াদপুর রেলের জমি অধিগ্রহণ বিষয়ে নির্দিষ্ট জমিদাতাদের মধ্যে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হল কালিয়াগঞ্জে। বৃহস্পতিবার দুপুর ১২টা নাগাদ লক্ষ্মীপুর কিষান মান্ডিতে ধনকৈল এবং বোচাডাঙ্গা অঞ্চলের প্রায় শতাধিক কৃষক উপস্থিত ছিলেন এই বৈঠকে। এদিন জমিহারা কৃষক কমিটি নামক একটি সংগঠন তৈরি হয়। উপস্থিত ছিলেন সাধনচন্দ্র সরকার, গৌরাঙ্গ বর্মন, মানিক বর্মনের মতো কৃষকরা। সাধন বলেন, 'আগামী বুধবার আমরা ১০ দফা দাবি নিয়ে জেলা শাসকের কাছে স্মারকলিপি দিতে চলেছি।' পাশাপাশি তিনি এ-ও বলেন, 'এদিন খসড়া আলোচনার ভিত্তিতে কৃষকদের স্বার্থে মূলত দুটি বিষয়ে আলোচনা হয়েছে। প্রথমত, জমির শতক হিসাবে কত টাকা করে জমির দাম ধার্য হয়েছে তা কৃষকদের অগ্রিম জানাতে হবে। পাশাপাশি, প্রতি জমিদাতার পরিবারপিছু একজনকে সরকারি চাকরি দিতে হবে।'

## স্কুলে চুরি

**বুনিয়াদপুর, ২৬ জুন :** বংশীহারীর একটি স্কুল থেকে ৯টি সিলিং ফ্যান চুরি হওয়ার ২৪ ঘণ্টা পরেও কোনও দুষ্কৃতী ধরা না পড়ায় স্থানীয়দের মধ্যে ক্ষোভ বাড়ছে। বংশীহারীর ব্রজবল্লভপুর পঞ্চায়েতের নওপাড়া প্রাথমিক বিদ্যালয়ে মঙ্গলবার রাতে দুষ্কৃতীরা স্কুলের গেটের তালা ভেঙে ৫টি ক্লাসরুম থেকে ৯টি সিলিং ফ্যান নিয়ে চম্পট দেয়। বুধবার বিকেলে স্কুলের প্রধান শিক্ষক বংশীহারী থানায় লিখিত অভিযোগ করেন। যদিও বংশীহারী থানার আইসি অসীম গোপ বলেন, 'অভিযোগ পেয়ে তদন্ত শুরু হয়েছে।'

## স্মরণসভা

**বালুরঘাট, ২৬ জুন :** বালুরঘাটের রূপকার হিসেবে পরিচিত পুরসভার প্রাক্তন চেয়ারম্যান দিলীপ ধরের ৩১তম প্রয়াণ দিবস পালন করলেন বালুরঘাটবাসী। বৃহস্পতিবার বালুরঘাট বিএড কলেজের তরফে নাট্যতীর্থ মন্মথ মঞ্চে বিশিষ্টজনদের উপস্থিতিতে দিনটি শ্রদ্ধার সঙ্গে পালিত হয়েছে। ১৯৯৫ সালের এদিনই বালুরঘাট পুরসভার চেয়ারম্যান পদে থাকাকালীন দিলীপ ধরের মৃত্যু হয়। মূলত দিলীপ ধরের উদ্যোগেই গ্রামের তকমা থেকে কার্যত শহরের আখ্যা পায় বালুরঘাট।

## রথ টানতে প্রস্তুত রতুয়া

**রতুয়া, ২৬ জুন :** রতুয়ায় এবার প্রথম রথযাত্রা অনুষ্ঠিত হতে চলেছে। রতুয়া সর্বজনীন রথযাত্রা উৎসব কমিটির উদ্যোগে জোরকদমে শেষমুহূর্তের প্রস্তুতি চলছে। শুক্রবার রতুয়ার পূর্ব চৌধুরী মোড় এলাকার রথের রশিতে সবাই টান দেবেন। গোটা রতুয়া স্ট্যান্ড পরিক্রমা করে রতুয়া স্টেডিয়াম সংলগ্ন রাধাকৃষ্ণ মন্দির প্রাঙ্গণে গিয়ে রথযাত্রা শেষ হবে। সর্বজনীন রথযাত্রা উৎসব কমিটির উপদেষ্টা দীনেশকুমার রজক বলেন, 'রতুয়ার সর্বস্তরের মানুষের সহযোগিতায় এই প্রথম রথযাত্রা উৎসব উদযাপিত হতে চলেছে। সব প্রস্তুতি সারা। রথের রশিতে টান দেওয়া শুধুই সময়ের অপেক্ষা।'

শুক্রবার সকাল থেকেই বিভিন্ন ধরনের পূজার্চনা শুরু হবে। রতুয়া স্টেডিয়ামের কাছে যে রাধাকৃষ্ণ মন্দির রয়েছে সেটি হয়েছে মাসির বাড়ি। প্রতিদিন ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

## সহবাসে ধৃত

**সামসী, ২৬ জুন :** বিয়ের প্রতিশ্রুতি দিয়ে এক নাবালিকার সঙ্গে বহুবার সহবাস করা হয়েছে বলে অভিযোগ। এর জেরে ওই নাবালিকা অন্তঃসত্ত্বা হয়ে পড়ে। চাঁচল-২ ব্লকের ঘটনা। দিনমজুর পরিবারের তরফে ওই তরুণের বিরুদ্ধে চাঁচল থানায় অভিযোগ দায়েরের পর পুলিশ তাকে গ্রেপ্তার করে। নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে তদন্ত শুরু হয়েছে। ওই নাবালিকাকে সরকারি হোমে পাঠানো হয়েছে।

## মৃতকে জীবিত সাজিয়ে চিকিৎসার অভিযোগ সুজাপুরে

# প্রতারণার তদন্তে কমিশন

**সেনাউল হক**



সুজাপুরের নার্সিংহোমে কলকাতার প্রতিনিধিদল। বৃহস্পতিবার।

**কালিয়াচক, ২৬ জুন :** রোগীমৃত্যুর অভিযোগে সুজাপুরের একটি নার্সিংহোমে তদন্তে এল ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট রেগুলেটরি কমিশনের প্রতিনিধিদল। ছিলেন কমিশনের সহ সচিব মাখনলাল সাহা এবং সেকশন অফিসার মাধবী দাস। তাঁদের সঙ্গে ছিলেন স্বাস্থ্যসাথী প্রকল্পের মালদা জেলার কোঅর্ডিনেটর প্রতীক সান্যাল।

কালিয়াচকের সুজাপুরে ওই নার্সিংহোমে মৃত রোগীকে জীবিত দেখিয়ে চিকিৎসা চালিয়ে যাওয়ার অভিযোগ উঠেছিল। বেলা ১২টা নাগাদ ওই নার্সিংহোমে পৌঁছে বিভিন্ন পরিকাঠামো ও রোগীর চিকিৎসা সংক্রান্ত সমস্ত রিপোর্ট খতিয়ে দেখে ওই প্রতিনিধিদল। টানা তিন ঘণ্টা তদন্ত চালিয়ে বেলা তিনটা নাগাদ মালদা ফিরে আসে দলটি।

নার্সিংহোম থেকে বেরোনোর সময় কমিশনের সহ সচিব মাখনলাল সাহা সাংবাদিকদের বলেন, 'নার্সিংহোমের পরিকাঠামো সহ সমস্ত কিছু খতিয়ে দেখা হয়েছে। যে অভিযোগ আমাদের কাছে এসেছিল, সেগুলি গুরুত্ব দিয়ে দেখা হয়েছে। আমরা রিপোর্ট জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ও প্রশাসনিক কর্তাদের পাঠাব।' গত ১৬ মে সাকিরুল ইসলাম (২৫) নামে মানিকচকের এক বাসিন্দাকে ওই নার্সিংহোমে ভর্তি হয়। পরদিনই তাঁর গলব্লাডারে অপারেশন হয়। নার্সিংহোম কর্তৃপক্ষ অপারেশন সফল হয়েছে বলে দাবি করলেও সাকিরুল হৃদরোগে আক্রান্ত হন। অবস্থার অবনতি হয়েছে জানিয়ে রোগীকে অন্যত্র রেফার করে নার্সিংহোমটি।

রোগীর পরিবারের অবশ্য অভিযোগ ছিল, তিনদিন আগেই সাকিরুলের মৃত্যু হয়েছে। অপারেশন করার পরেই মৃত্যু হয়। নার্সিংহোম কর্তৃপক্ষ বিল বাড়ানোর জন্য মৃত রোগীকে জীবিত দেখিয়ে চিকিৎসা চালিয়ে গিয়েছে। নার্সিংহোম কর্তৃপক্ষের অবশ্য দাবি, অপারেশনের তিনদিন পর রোগীর মৃত্যু হয়। সমস্ত নথিপত্র ও সিসিটিভি ফুটেজ এদিন কমিশনের কর্তাদের দেখানো হয় বলে নার্সিংহোম কর্তৃপক্ষ জানিয়েছে। নার্সিংহোমের কর্তা আবদুস সালামের বক্তব্য, ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট রেগুলেটরি কমিশনের প্রতিনিধিদল যা জানতে চেয়েছেন এবং দেখতে চেয়েছেন, তার সমস্ত কিছুই দেখানো হয়েছে। স্বাস্থ্যসাথী কার্ডে ওই রোগীর অপারেশন করা হয়। তিনদিন আগে রোগীর মৃত্যু হয়েছিল রোগীর পরিবারের দাবি সম্পূর্ণ মিথ্যা। ফলে টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন।

**তদন্ত**

- মৃত রোগীকে জীবিত বলে চিকিৎসা চালিয়ে যাওয়ার অভিযোগ
- কালিয়াচকের সুজাপুরে এক নার্সিংহোমে স্বাস্থ্য দপ্তরের প্রতিনিধিদল
- সমস্ত নথিপত্র সহ সিসিটিভি ফুটেজ এদিন কমিশনের সদস্যদের দেখানো হয় বলে নার্সিংহোম কর্তৃপক্ষের দাবি

# রাস্তা না হলে ভোট নয়, সিদ্ধান্ত ডুলিপাড়ায়

**শেখ পান্না**




রতুয়ার ডুলিপাড়া গ্রামের রাস্তার এমনই হাল।

**রতুয়া, ২৬ জুন :** '২৬-এ নজর রেখে জনতার মন জয়ের চেষ্টায় তৃণমূল, বিজেপি সহ বাকি রাজনৈতিক দলগুলি। তৃণমূলের হাতে থাকবে ক্ষমতা, নাকি মসনদ দখল করবে বিজেপি, চর্চা রয়েছে সাধারণের মধ্যেও। কিন্তু ১০ মাস আগেই 'আগে রাস্তা, পরে ভোট', স্পষ্ট করে দিলেন রতুয়া-১ ব্লকের রতুয়া গ্রাম পঞ্চায়েতের পশ্চিম রুকুন্দিপুর গ্রামের ডুলিপাড়ার বাসিন্দারা। জনতার কঠোর মনোভাব বুঝতে পেরে রাস্তা তৈরির আশ্বাস দিচ্ছেন গ্রাম পঞ্চায়েত প্রধান।

এক কিলোমিটারের চার ভাগের এক ভাগ রাস্তা। কিন্তু ২৫০ মিটার রাস্তা তৈরির উদ্যোগ নেওয়া হয়নি দুই দশকেও। তাই রাস্তা না হলে ভোট নয়, সিদ্ধান্ত নিয়েছে ডুলিপাড়া। গ্রামের বাসিন্দা রতন চৌধুরী বলছেন, 'রাস্তার দাবিতে সকলের কাছেই যাওয়া হয়েছে। মিলেছে প্রতিশ্রুতি। কিন্তু ২০ বছরেও রাস্তা মেরামতি করা হয়নি। তাই আমরা গ্রামের সবাই মিলে সিদ্ধান্ত নিয়েছি, যতদিন পর্যন্ত না রাস্তা করা হচ্ছে, ততদিন আমরা কেউ ভোট দেব না। আমাদের সিদ্ধান্তের কথা জানিয়ে দেওয়া হবে প্রত্যেকটি রাজনৈতিক দলকে।' বর্ষা শুরু হওয়ায় রাস্তাটি আরও বেহাল হয়ে পড়েছে। যার জন্য এলাকায় থাকা শিশুকেন্দ্রটিতে যেতে পারছে না বাচ্চারা। পথ চলতে সমস্যায় পড়ছেন বড়রাও। শকুন্তলা সাহার বক্তব্য, 'বৃষ্টির জন্য রাস্তাটি দিয়ে হাঁটাও যাচ্ছে না। সাইকেল চালানো যাচ্ছে না। পিছল রাস্তায় পা হড়কে পড়তে হচ্ছে। অনেক নেতাই রাস্তার হাল দেখে গিয়েছেন। রাস্তা করে দেওয়ার আশ্বাস দিয়েছেন। কিন্তু একের পর এক ভোট চলে গেলেও রাস্তা হয়নি।' সুভাষ চৌধুরীর বক্তব্য, 'গ্রামে স্কুল আছে। ২৫০ মিটার রাস্তাও আছে। কিন্তু বর্ষায় রাস্তার হাল এমন হয় যে, শিক্ষক আর ছাত্র, সবাইকেই দুর্ভোগ পোহাতে হয়। ইতিমধ্যে পিছল রাস্তায় আছাড় খেয়ে কয়েকজনের হাত, পা ভেঙেছে। রাস্তা সংস্কারের জন্য গ্রাম পঞ্চায়েত, ব্লক প্রশাসনকে অনেকবার বলা হয়েছে। কিন্তু তারা শুধু দায়িত্ব এড়িয়ে যাচ্ছে।' নেতাদের শিক্ষা দিতে তাঁদের ভোট না দেওয়ার সিদ্ধান্ত, বলছেন গ্রামবাসীরা।

রতুয়া পঞ্চায়েতের প্রধান শেখ আবু শোয়েব আলি বলছেন, 'কিছুদিন আগে ওই রাস্তাটি তৈরির জন্য আমি পঞ্চায়েত সমিতিতে প্রস্তাব পাঠাই। টেন্ডারও হয়েছিল। কিন্তু দায়িত্বপ্রাপ্ত ঠিকাদার সংস্থা কাজ করতে গিয়ে বাধার মুখে পড়ে। সেই কারণেই কাজ করা যায়নি। ওই গ্রামে যাতায়াতের যে সমস্যা রয়েছে, সেটা ঠিক। বর্ষার সময় রাস্তায় ভীষণ কাদা জমে যাচ্ছে। আমি আবার পথশ্রী প্রকল্পে রাস্তাটির কাজ ধরেছি। টেন্ডার হলেই রাস্তার কাজ হবে। কিন্তু ওই গ্রামের মানুষজনের কাছে আমার আবেদন, তাঁরা যেন রাস্তার কাজে ঠিকাদার সংস্থাকে বাধা না দেন।'



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

নৈসর্গিক।।
ভুটানঘাটের ছবিটি তুলেছেন আলিপুরদুয়ারের অনুপম চৌধুরী।

## অত্যাধুনিক সেন্ট্রাল লন্ড্রি গাজোলে

**হরষিত সিংহ**

**মালদা, ২৬ জুন :** পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত হবে গৌড়বঙ্গের সরকারি হাসপাতালগুলিতে ব্যবহৃত মশারি থেকে বেডশিট সবকিছুই। ফলে হাসপাতাল থেকে সংক্রমণ ছড়ানোর ঝুঁকি অনেকটাই কমে যাবে। কেননা, বিজ্ঞানসম্মত আধুনিক সেন্ট্রাল লন্ড্রি তৈরির উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। গৌড়বঙ্গের তিন জেলার জন্য গাজোলে লন্ড্রিটি তৈরি হচ্ছে। এই লন্ড্রির জন্য পূর্ত দপ্তর থেকে একটি জমি ইতিমধ্যেই স্বাস্থ্য দপ্তরকে হস্তান্তর করা হয়েছে। এবিষয়ে মালদা মেডিকেল কলেজের প্রিন্সিপাল পার্থপ্রতিম মুখোপাধ্যায় বলেন, 'দীর্ঘদিন ধরেই পরিকল্পনা নেওয়া হয়েছিল। গাজোলে একটি জায়গা পাওয়া গিয়েছে। ওই জায়গাটি পূর্ত দপ্তর থেকে স্বাস্থ্য দপ্তরকে হস্তান্তর করা হয়েছে। ওই জায়গাতেই তৈরি হবে সেন্ট্রাল লন্ড্রি।'

মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, গৌড়বঙ্গের তিন জেলাতেই সমস্ত স্তরের সরকারি হাসপাতালগুলিতে কাপড় পরিষ্কার করার জন্য ওয়াশিং মেশিন আছে। তবে অনেক ক্ষেত্রেই রোগজীবাণু থাকার আশঙ্কা থেকে যায় বলে বক্তব্য চিকিৎসকদের একাংশের। সেই কারণেই স্বাস্থ্য দপ্তরের তরফে আধুনিক পদ্ধতিতে হাসপাতালের সমস্ত কাপড় পরিচ্ছন্ন রাখার উদ্যোগ নেওয়া হয়েছে। রাজ্যের একাধিক জেলায় ইতিমধ্যেই সেন্ট্রাল লন্ড্রি তৈরি করা হয়েছে। এবার গৌড়বঙ্গের তিন জেলা মিলিয়ে একটি সেন্ট্রাল লন্ড্রি তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে। এই ধরনের লন্ড্রিতে সাধারণত উন্নতমানের কাপড় পরিষ্কারের আধুনিক যন্ত্র থাকে। যার ফলে পুঙ্খানুপুঙ্খভাবে কাপড় পরিষ্কার হয়।

জানা গিয়েছে, স্বাস্থ্য দপ্তর পরিকাঠামো গড়ে তুললেও পরবর্তীতে পরিচালনার দায়িত্ব দেওয়া হবে অভিজ্ঞ বেসরকারি সংস্থাকে। বিভিন্ন হাসপাতাল থেকে নিয়মিত কাপড় সংগ্রহ করা, সেগুলি পরিষ্কার করা এবং পরবর্তীতে হাসপাতালগুলিতে পৌঁছে দেওয়ার কাজ করবে বেসরকারি সংস্থাটি। এই কাজের জন্য ওই সংস্থাকে রাজ্য সরকারের পক্ষ থেকে অর্থ বরাদ্দ করা হবে। স্বাস্থ্যকর্তাদের বক্তব্য, সম্পূর্ণ বিজ্ঞানসম্মত উপায়ে কাপড় পরিষ্কার হওয়ায় বিভিন্ন রোগের সংক্রমণ ছড়ানোর ঝুঁকি তেমন থাকবে না। সুবিধা হবে চিকিৎসা পরিষেবাতে।

## ধৃত ৫

**গঙ্গারামপুর, ২৬ জুন :** গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে গঙ্গারামপুর এবং কুশমণ্ডি থানার পুলিশ বিপুল পরিমাণ জাল লটারির টিকিট সহ পাঁচজন বিক্রেতাকে গ্রেপ্তার করল। বৃহস্পতিবার দুপুরে অতিরিক্ত পুলিশ সুপার (গ্রামীণ) ইন্দ্রজিৎ সরকার গঙ্গারামপুর থানায় সাংবাদিক সম্মেলন করেন। মোট ১ লক্ষ ৫৬ হাজার ৫০০ টাকার জাল লটারি টিকিট বাজেয়াপ্ত করা হয়েছে। বিচারক ধৃতদের ১৪ দিনের বিচার বিভাগীয় হেপাজতে পাঠান।

## অশালীন ছবি

**বৈষ্ণবনগর, ২৬ জুন :** বৈষ্ণবনগর থানা এলাকায় সোশ্যাল মিডিয়ায় এক মহিলার পরিচয় ও ছবি ব্যবহার করে ভুয়ো আইডি তৈরি করে অশালীন ছবি পোস্ট করার অভিযোগ উঠল এক ব্যক্তির বিরুদ্ধে। বুধবার রাতে বৈষ্ণবনগর থানায় লিখিত অভিযোগ জমা দিয়েছেন ওই মহিলা।

# রাস্তা সারাইয়ের দাবিতে জ্বলল টায়ার

**গৌতম দাস**



টায়ার জ্বালিয়ে পথ অবরোধে ক্ষুব্ধ গ্রামবাসী। বৃহস্পতিবার রানিগঞ্জ-২ ব্লকে।

**গাজোল, ২৬ জুন :** রানিগঞ্জ-২ ব্লকের জোড়া পোল থেকে কৃষ্ণপুর হাটখোলা পর্যন্ত এক কিলোমিটার রাস্তা প্রায় আট বছর ধরে বেহাল অবস্থায় পড়ে রয়েছে। সেই রাস্তা সারাইয়ের জন্য বৃহস্পতিবার আনুমানিক সকাল ১১টা থেকে পথ অবরোধ করে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। রাস্তায় টায়ার জ্বালিয়ে চলে অবরোধ কর্মসূচি। যদিও ঘটনাস্থলে পুলিশ এসে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বললে আধ ঘণ্টার মধ্যে তাঁরা অবরোধ তুলে নেন। ২৩ জুন বিডিও, পঞ্চায়েত সমিতির সভাপতি এবং গ্রাম পঞ্চায়েত প্রধানের কাছে লিখিত আবেদন জানিয়েছিলেন এলাকাবাসীরা। কিন্তু এরপরেও রাস্তা সারাইয়ের জন্য কোনও উদ্যোগ নেওয়া হয়নি বলে অভিযোগ।

গ্রামবাসীদের পাশাপাশি অবরোধে শামিল হয়েছিল স্কুলের ছাত্রছাত্রীরাও। খবর পেয়ে অবরোধ তুলতে আসেন গাজোল থানার আইসি আশিস কুণ্ডু সহ অন্য পুলিশ আধিকারিকেরা। বাসিন্দাদের সঙ্গে বেহাল রাস্তা ঘুরে দেখেন আশিস। এরপর গ্রামবাসীদের সঙ্গে বিডিও অফিসে আলোচনায় বসেন বিডিও সুদীপ্ত বিশ্বাস এবং আইসি। আপাতত রাস্তা মেরামত করে সাধারণ মানুষের চলাচলযোগ্য করার উদ্যোগ নেওয়া হয়েছে। খুব তাড়াতাড়ি ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছেন সুদীপ্ত। তিনি বলেন, 'ওই রাস্তাটি আদিবাসী এবং তপশিলি জাতি সম্প্রদায়ভুক্ত এলাকার। রাস্তা পাকা করার প্রস্তাব আমরা রাজ্য সরকারের কাছে পাঠিয়েছি।'

অবরোধে শামিল আটিলা গ্রামের বাসিন্দা হেমন্ত বর্মনের কথায়, 'ওই রাস্তার পাশেই রয়েছে দোহিল হাইস্কুল। বৃষ্টিতে রাস্তার এমন অবস্থা হয়ে গিয়েছে যে, স্কুলে যাওয়া যায় না। অনেক ছাত্রছাত্রী কাদাতে পড়ে যায়।' বাসিন্দাদের অভিযোগ, কৃষকেরা ওই রাস্তা দিয়ে টোটোতে করে ফসল বিক্রি করতে হাটে যান। অনেকবার টোটো দুর্ঘটনা ঘটেছে বলেও জানিয়েছেন তাঁরা। বেহাল রাস্তার কারণে অসুস্থ মানুষদের প্রায় ৩ কিলোমিটার ঘুরে হাসপাতালে নিয়ে যেতে হয়। আপাতত রাস্তাটি চলাচলযোগ্য করার পাশাপাশি পরবর্তীতে প্রকল্পের আওতায় এনে পাকা করার দাবি জানিয়েছেন বাসিন্দারা। বিডিও প্রয়োজনীয় উদ্যোগ নিয়েছেন বলে জানিয়েছেন বাসিন্দা মনোতোষ মণ্ডল।

পঞ্চায়েত সমিতির সভাপতি মোজাম্মেল হোসেন রাস্তাটি খারাপের অবস্থা মেনে নিয়েছেন। তবে তিনি প্রশ্ন তুলেছেন বিজেপির এলাকার সাংসদ ও বিধায়কের দিকে। তাঁর বক্তব্য, 'এতদিনে তাঁরা বিধায়ক কোটা বা সাংসদ কোটার তহবিল দিয়ে কী কাজ করেছেন তা প্রকাশ্যে আনা হোক।' তাঁর সংযোজন, 'মুখ্যমন্ত্রীর উদ্যোগে গাজোল ব্লকে প্রায় ৯০ শতাংশ পাকা রাস্তা তৈরি হয়েছে। আমি পঞ্চায়েত সমিতির সভাপতি হিসেবে দায়িত্ব নিয়ে বলতে পারি আগামীদিনে ওই রাস্তাটিও পাকা করা হবে।'



গরমে স্বস্তি। বালুরঘাটের বোল্লা গ্রামে ছবিটি তুলেছেন মাজিদুর সরদার।

# পরিযায়ী শ্রমিককে খুনের অভিযোগ

## তিন প্রতিবেশী জড়িত, সন্দেহ পরিবারের

**বিশ্বজিৎ সরকার**

**হেমতাবাদ, ২৬ জুন :** ভিনরাজ্যে কাজ দেওয়ার নাম করে রায়গঞ্জের বাড়ি থেকে ডেকে উত্তরপ্রদেশে নিয়ে গিয়ে এক তরুণকে খুনের অভিযোগ উঠল তিন প্রতিবেশীর বিরুদ্ধে। রায়গঞ্জের শেরপুর পঞ্চায়েতের গোবিন্দপুরের বাসিন্দা মৃত আনসার আলির (২৬) দাদা আনোয়ার হোসেন বলেন, 'ভিনরাজ্যে কাজ দেওয়ার নাম করে গত ১৭ জুন ভাইকে গোবিন্দপুরের বাড়ি থেকে উত্তরপ্রদেশে নিয়ে যায় তিনজন। ২৩ জুন সকাল দশটা নাগাদ একটি অচেনা নম্বর থেকে ফোন আসে আমার ফোনে। অজ্ঞাতপরিচয় সেই ব্যক্তি ফোনে বলেন, ভারী জিনিস দিয়ে ভাইয়ের মাথা ফাটিয়ে খুন করা হয়েছে। এখন ময়নাতদন্তের জন্য উত্তরপ্রদেশের গোরখপুর মেডিকেল হাসপাতালের মর্গে দেহ রাখা আছে। আমার দৃঢ়বিশ্বাস ভাইকে গ্রামের তিন তরুণই খুন করেছে। তিনজনের নাম উল্লেখ করে রায়গঞ্জ থানায় অভিযোগ জানাই। অভিযুক্তদের গ্রেপ্তার করে কঠোর শাস্তির দাবি জানাচ্ছি।'

বৃহস্পতিবার মৃতের পরিবারের তরফে রায়গঞ্জ থানায় তিন তরুণের বিরুদ্ধে খুনের অভিযোগ জানানো হয়। অভিযুক্তরা হল, সোনাবাড়ির এজাহার আলি, রায়গঞ্জের ভিটিভাতগোড়ার রফিকুল আলি ও হেমতাবাদের নুরপুরের বাসিন্দা নাজিবুল হক। তিনজনই পলাতক। এখনও খোঁজ মেলেনি তাদের কারোর। পরিবার সূত্রে জানা গিয়েছে,

> ভিনরাজ্যে কাজ দেওয়ার নাম করে গত ১৭ জুন ভাইকে গোবিন্দপুরের বাড়ি থেকে উত্তরপ্রদেশে নিয়ে যায় তিনজন। ২৩ জুন সকাল দশটা নাগাদ ভাইয়ের মৃত্যু খবর দিতে অচেনা নম্বর থেকে ফোন আসে। আমার দৃঢ়বিশ্বাস ভাইকে গ্রামের তিন তরুণই খুন করেছে।
>
> **আনোয়ার হোসেন,** *মৃতের দাদা*

ওই তরুণের দুই ছেলে রয়েছে। তাদের মধ্যে একজনের বয়স ৮ বছর ও অপরজনের বয়স ১০ বছর। স্ত্রী রিয়া বেগম বলেন, 'দুই ছেলেকে একটি বেসরকারি স্কুলে ভর্তি করেছি। দুজনের পড়ার খরচ জোগানোর জন্যই আমার স্বামীকে ভিনরাজ্যে পরিযায়ী শ্রমিকের কাজ করতে যেতে হয়। কাজ করতে গিয়ে আমার স্বামীকে খুন হতে হবে তা আমরা কেউই বুঝতে পারিনি। দুই সন্তানকে নিয়ে কীভাবে সংসার চালাব, বুঝতেই পারছি না।'

এদিকে, শেরপুর গ্রাম পঞ্চায়েতের সংশ্লিষ্ট সংসদের পঞ্চায়েত সদস্য রুস্তম আলির ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন পরিবারের সদস্য ও গ্রামের বাসিন্দারা। তাঁদের অভিযোগ, এত বড় একটা ঘটনা হওয়া সত্ত্বেও পঞ্চায়েত সদস্য একবারের জন্য পরিবারের পাশে দাঁড়াননি। গ্রামবাসী মোশারফ হোসেন বলেন, 'যারা খুনি তাদের সঙ্গে পঞ্চায়েত সদস্যর সখ্য রয়েছে, সে কারণেই এই পরিবারের পাশে দাঁড়ায়নি।'

যদিও পঞ্চায়েত সদস্য রুস্তম আলির সাফাই, 'আমি কাজে ব্যস্ত থাকায় সেখানে যেতে পারিনি। এরমধ্যে পরিবারের সঙ্গে দেখা করব।' এ ব্যাপারে রায়গঞ্জ অতিরিক্ত পুলিশ সুপার কুন্তল বন্দ্যোপাধ্যায় বলেন, 'অভিযোগের ভিত্তিতে খোঁজখবর নেওয়া হচ্ছে। উত্তরপ্রদেশের পুলিশের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা চলছে।'

## গ্রেপ্তার ২

**পতিরাম, ২৬ জুন :** গোপন সূত্রে খবর পেয়ে বুধবার রাতে পতিরামের আমতলা মোড় থেকে বিপুল পরিমাণ গাঁজা সহ দুই তরুণকে গ্রেপ্তার করল পুলিশ। ধৃতদের নাম সুশান্ত দাস ও প্রণব রায়। দুইজনেই কুমারগঞ্জ থানার ইছামতি দাসপাড়া এলাকার বাসিন্দা। বাজেয়াপ্ত করা হয় ১৪ কেজি ৪৭২ গ্রাম গাঁজা। শিলিগুড়ি থেকে বাসে করে ওই গাঁজা নিয়ে দক্ষিণ দিনাজপুরে এসেছিল তারা। বৃহস্পতিবার ধৃতদের বালুরঘাট আদালতে তোলা হলে বিচারক পাঁচদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন। গাঁজা পাচারে আর কারা যুক্ত রয়েছে, তা জানতে ধৃতদের জেরা করছে পুলিশ।

## রক্তদান

**চাঁচল, ২৬ জুন :** চাঁচল ১ নম্বর ব্লকের অলিহন্ডা গ্রাম পঞ্চায়েত ভবনে বৃহস্পতিবার রক্তদান শিবির হল। পঞ্চায়েতের জনপ্রতিনিধি সহ মোট ৫০ জন ওই শিবিরে রক্তদান করেন। উপস্থিত ছিলেন জেলা পরিষদের সহকারী সভাধিপতি এটিএম রফিকুল হোসেন, চাঁচলের বিডিও থিনলে ফুলস্টক ভুটিয়া, পঞ্চায়েত সমিতির সহ সভাপতি জাকির হোসেন প্রমুখ। অলিহন্ডা গ্রাম পঞ্চায়েতের প্রধান সুলতানা খাতুন বলেন, 'মহকুমা শাসকের অনুপ্রেরণায় এই শিবির হল। রক্তদাতাদের হাতে শংসাপত্র এবং একটি করে চারাগাছ তুলে দেওয়া হয়েছে।'

## হাঁস বিলি

**কুমারগঞ্জ, ২৬ জুন :** মহিলাদের স্বনির্ভর করতে কুমারগঞ্জ ব্লকে প্রাণীসম্পদ বিকাশ বিভাগের উদ্যোগে বৃহস্পতিবার উন্নত প্রজাতির হাঁসের ছানা বিতরণ করা হল। কুমারগঞ্জ বিএলডিও অফিস চত্বরে প্রায় ৫০০ মহিলাকে হাঁসের ছানা দেওয়া হয়। উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির সভাপতি উমা রায়, বিএলডিও তৌফিক আহমেদ, মৎস্য ও প্রাণী কর্মাধ্যক্ষ জয়ন্তী বর্মন ঘোষ প্রমুখ।

## সচেতনতা

**সামসী, ২৬ জুন :** রাজ্য স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে উত্তর মালদার সামসী এগ্রিল হাইস্কুল, হরিশ্চন্দ্রপুর হাইস্কুল ও চাঁচল সিদ্ধেশ্বরী ইনস্টিটিউশনে জলবায়ু পরিবর্তনে মানবদেহে প্রভাব বিষয়ক একটি কর্মসূচি হয়েছে। জলবায়ু পরিবর্তনের ফলে মানবদেহে প্রভাব বিষয়টি কলকাতার পাপেট থিয়েটার এই কর্মসূচিতে পুতুলনাচের মাধ্যমে সুন্দরভাবে ছাত্রছাত্রীদের সামনে তুলে ধরে।

## ঝুলন্ত দেহ

**রায়গঞ্জ, ২৬ জুন :** বীরঘই গ্রাম পঞ্চায়েতের বানিয়াপুকুর গ্রামে বৃহস্পতিবার বাড়ি থেকে এক ব্যক্তির ঝুলন্ত দেহ উদ্ধার করল পুলিশ। মৃতের নাম বাদশা আলম (৩১)। তিনি পেশায় কৃষক ছিলেন। দেহটি ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে। আপাতত একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## আহত ২

**রায়গঞ্জ, ২৬ জুন :** বৃহস্পতিবার রায়গঞ্জের সাহাপুর এলাকায় নাকা চেকিংয়ের সময় ভুটভুটির ধাক্কায় গুরুতর আহত হন এএসআই বিধানচন্দ্র ঝা এবং হোমগার্ড স্বপন মণ্ডল। স্থানীয়রা তাঁদের উদ্ধার করে রায়গঞ্জ মেডিকেল কলেজে ভর্তি করেন। ভুটভুটিটি বাজেয়াপ্ত করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## বধূর মৃত্যু

**মালদা, ২৬ জুন :** এক বধূর অস্বাভাবিক মৃত্যুতে চাঞ্চল্য ছড়াল হবিবপুরে। মৃতের নাম মুন্নি মণ্ডল (২০)। তিনি হবিবপুরের গৌরমারি এলাকার বাসিন্দা। গত শুক্রবার শ্বশুরবাড়িতে তাঁর ঝুলন্ত দেহ দেখতে পেয়ে প্রথমে বুলবুলচণ্ডী গ্রামীণ হাসপাতাল ও পরে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করেন পরিবারের সদস্যরা। চিকিৎসাধীন অবস্থায় আজ সকালে তাঁর মৃত্যু হয়।

### সাপের ছোবলে অসুস্থ হলেও নিয়ে যাওয়া হয়নি হাসপাতালে

# ওঝার 'কেরামতি'তে মৃত্যু

**অরিন্দম বাগ**

**মালদা, ২৬ জুন :** ঘুমন্ত অবস্থাতেই এক প্রবীণাকে সাপে ছোবল দিয়েছিল। কিন্তু হাসপাতালে নিয়ে যাওয়ার বদলে ওঝার কাছে নিয়ে যায় তাঁর পরিবার। প্রায় ১৫ মিনিট ধরে চলে ওঝার 'কেরামতি'। কিন্তু তাতে তাঁর শারীরিক অবস্থা আরও খারাপ হতে থাকে। তবুও শেষরক্ষা হয়নি। মৃত্যু হয় তাঁর। বুধবার রাতে ঘটনাটি ঘটেছে কালিয়াচকের বামনগ্রাম এলাকায়। মৃতদেহটি ময়নাতদন্তে পাঠিয়ে এই ঘটনায় আপাতত একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে ইংরেজবাজার থানার পুলিশ।



মেডিকেলে প্রবীণার পরিবার।

মৃতার নাম নাজেরা বিবি (৬০)। বাড়ি কালিয়াচকের বামনগ্রামের চরকাপাড়া এলাকায়। পরিবার সূত্রে জানা গিয়েছে, বুধবার রাতে বাড়ির মেঝেতেই ঘুমোচ্ছিলেন নাজেরা। সেই সময় একটি বিষধর সাপ ডানহাতে ছোবল দেয়। কিছুক্ষণের মধ্যেই শরীর জ্বালা করতে থাকলে যন্ত্রণায় ছটফট করতে শুরু করেন নাজেরা। পরিবারের লোকজন তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়ার বদলে স্থানীয় এক ওঝার কাছে নিয়ে যান। অভিযোগ, প্রায় ১৫ মিনিট ধরে চলতে থাকে ওঝার কেরামতি। এক সময় নাজেরা নেতিয়ে পড়েন। তখন ওঝা পরিবারের সদস্যদের জানায়, শরীর থেকে বিষ নামিয়ে দেওয়া হয়েছে। কিছুক্ষণের মধ্যেই নাজেরা সুস্থ হয়ে উঠবেন। কিছু সময় অতিক্রান্ত হতেই নাজেরা ফের ছটফট করতে শুরু করেন। এবারে পরিবারের সদস্যরা তাঁকে সুজাপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। শারীরিক অবস্থার অবনতি হতে থাকায় তাঁকে মালদা মেডিকেলে স্থানান্তরিত করা হয়। মালদা মেডিকেলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

মৃতার বৌমা হাসিনারা খাতুনের কথায়, 'শাশুড়ি রাতে মেঝেতে ঘুমিয়ে ছিলেন। সাপে ছোবল দেওয়ায় উঠে পড়েন তিনি। আমাদের গ্রামের এক ওঝার কাছে নিয়ে যাওয়া হয়।'

পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চের মালদা জেলা শাখার সম্পাদক মনোরঞ্জন দাস বলেন, 'এটা দুর্ভাগ্যের বিষয়। আমরা এধরনের কুসংস্কারের বিরুদ্ধে দীর্ঘ লড়াই চালাচ্ছি। আমরা সেই গ্রামে গিয়ে সচেতন করব।

এখনও কোনও লিখিত অভিযোগ দায়ের করা হয়নি। মৃতদেহটি ময়নাতদন্তে পাঠিয়ে একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত করছে ইংরেজবাজার থানার পুলিশ।

**অভিযোগ**

- সাপের ছোবলে ঘুম ভাঙে প্রবীণার
- তখনই পরিবারের সদস্যরা নিয়ে যান স্থানীয় এক ওঝার কাছে
- সেখানে বেশ কিছুক্ষণ তার 'কেরামতি'র পর, প্রবীণা ছটফট করতে থাকেন
- পরে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন

### আটক এক কিশোর, পলাতক দুই

# ডিয়ার পার্কে কলেজ ছাত্রীকে ইভটিজিং

**সৌরভকুমার মিশ্র**

**হরিশ্চন্দ্রপুর, ২৬ জুন :** হরিশ্চন্দ্রপুর থানা এলাকার ঐতিহ্যবাহী বারদুয়ারি ডিয়ার পার্কে এক কলেজ ছাত্রীকে ইভটিজিংয়ের অভিযোগ উঠল। অভিযুক্তরা ওই এলাকারই তিন কিশোর। পার্কের কর্মীরা তাদের ধাওয়া করলে দুজন পালিয়ে যায়। কিন্তু একজনকে পাকড়াও করেন তাঁরা। খবর পেয়ে তৎক্ষণাৎ ঘটনাস্থলে যান হরিশ্চন্দ্রপুর-২'এর বিডিও তাপস পাল। ওই কিশোরকে সতর্ক করে ছেড়ে দেওয়া হয়। তবে, থানায় কোনও অভিযোগ দায়ের হয়নি।

বুধবার বিকেলে কয়েকজন বন্ধুর সঙ্গে ডিয়ার পার্কে ঘুরতে গিয়েছিলেন ওই তরুণী। তখন পার্কের মধ্যে ওই তিন কিশোর তাঁকে নানাভাবে উত্যক্ত করে। অশ্লীল কটূক্তি করা হয় বলেও অভিযোগ। ওই তরুণী প্রতিবাদ করায় পার্কের কর্মীরা ছুটে আসেন এবং তা দেখেই ওই তিন কিশোর পালাতে শুরু করে। এরপর বিডিও অভিযুক্ত এক কিশোরকে এক ঘণ্টা বসিয়ে রাখেন এবং সতর্ক করে ছেড়ে দেন। প্রশাসনের তরফে ওই তরুণীকে গাড়ি করে বাড়িতে পৌঁছে দিয়ে আসা হয়।

এই ঘটনা প্রসঙ্গে বিডিও বলেন, 'আমি অফিসে ছিলাম। আমাকে ফোন করে পার্কের কর্মীরা ঘটনাটি জানান। একজন ধরা পড়েছে বলে তাঁরা জানান। শুনেই আমি নিজে পার্কে যাই। অভিযুক্ত যেহেতু নাবালক তাই আর পুলিশে খবর দিইনি। সাবধান করে ছেড়ে দিয়েছি। হরিশ্চন্দ্রপুর বারদুয়ারি ডিয়ার পার্ক মনোরঞ্জনের জায়গা। সব বয়সের নারী-পুরুষ এখানে আসেন। আমরা প্রত্যেকের নিরাপত্তা সুনিশ্চিত করতে চাই। পার্কের ভেতর এ ধরনের ঘটনা বরদাস্ত করা হবে না।'

ব্লক কার্যালয় লাগোয়া সরকারি পার্কে কীভাবে এ ধরনের ঘটনা ঘটল, তা নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয়রা। আজিজুর রহমান নামে এক এলাকাবাসী বলেন, 'ওই ঘটনার সময় আমি পার্কে ছিলাম। শুধু এদিন নয়, প্রায়ই এ ধরনের ঘটনা ঘটছে। এই এলাকায় কয়েকটা হাইস্কুল রয়েছে। সেখানের কিছু পড়ুয়া বাইক নিয়ে পার্কে আসে। হইহল্লা করে। বিকেলের দিকে মেয়েরা পার্কে ঘুরতে এলে তাদের বিরক্ত করে। ফোন নম্বর চায়। সবাই প্রতিবাদ করে না। প্রশাসনের তৎপরতায় সামাল দেওয়া গিয়েছে।'

বারদুয়ারি ডিয়ার পার্কে মোট ৩০টি হরিণ রয়েছে। বহু মানুষ রোজ ওই পার্কে ঘুরতে আসেন। হরিশ্চন্দ্রপুর পুলিশ জানিয়েছে, প্রয়োজনে পার্কের নিরাপত্তা আরও বাড়ানো হবে।



**নিরাপত্তায় প্রশ্ন**

- কয়েকজন বন্ধুর সঙ্গে ডিয়ার পার্কে ঘুরতে গিয়েছিলেন এক কলেজ ছাত্রী
- তিন কিশোর তাঁকে উত্যক্ত করে, অশ্লীল কটূক্তি করা হয় বলেও অভিযোগ
- ঘটনাস্থলে যান খোদ হরিশ্চন্দ্রপুর-২'এর বিডিও তাপস পাল
- ব্লক কার্যালয় লাগোয়া সরকারি পার্কের নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলছেন স্থানীয়রা

## বিরল প্রজাতির গিরগিটি পাচার রুখল বিএসএফ

**হিলি, ২৬ জুন :** বিরল প্রজাতির গিরগিটি পাচারের ছক বানচাল করল সীমান্ত রক্ষীবাহিনী। বৃহস্পতিবার সকালে হিলি থানার ভারত-বাংলাদেশ সীমান্তের উত্তর আগ্রা এলাকা থেকে বহুমূল্যের বিরল প্রজাতির গিরগিটিটি উদ্ধার করে বিএসএফ-এর ৭৯ নম্বর ব্যাটালিয়ন। এশিয়ায় ট্র্যাডিশনাল ওষুধ তৈরিতে ওই গিরগিটির ব্যবহার হয় বলে জানতে পেরেছেন বিএসএফ জওয়ানরা। ইতিমধ্যেই বন্যপ্রাণ সংরক্ষণ আইনে মামলার প্রক্রিয়া শুরু করা হয়েছে। উত্তরবঙ্গ ফ্রন্টিয়ার বিএসএফ প্রেস বিবৃতি দিয়ে জানিয়েছে, গোপন সূত্র মারফত খবর পেয়ে বন্যপ্রাণটিকে উদ্ধার করা হয়েছে।

হিলি থানার উত্তর আগ্রা এলাকার ভারত-বাংলাদেশ সীমান্ত দিয়ে বন্যপ্রাণ পাচারের চেষ্টার গোপন খবর পান ৭৯ নম্বর ব্যাটলিয়নের বিএসএফ জওয়ানরা। ওই খবরের ভিত্তিতে বিএসএফের একটি দল ওই এলাকায় হানা দেয়। তল্লাশিতে ১০ ইঞ্চি লম্বা প্লাস্টিকের বাক্স থেকে একটি গিরগিটি উদ্ধার হয়। গিরগিটিটির প্রজাতি পরীক্ষা করে বোঝা যায় যে সেটি বিরল। নিশ্চিত হওয়ার পরেই বন্যপ্রাণ আইনে মামলার প্রস্তুতি শুরু করেছে বিএসএফ। বিএসএফ জানিয়েছে, বিরল গিরগিটিটি টোকে গেকো প্রজাতির। লক্ষাধিক মূল্যে তা বিক্রি হয়। সেটি ভারতীয় বন্যপ্রাণ সংরক্ষণ আইন ১৯৭২-এর প্রথম তপশিলভুক্ত। ওই প্রজাতির গিরগিটি দীর্ঘদিন ধরেই বন্যপ্রাণ পাচারচক্রের লক্ষবস্তু এবং এশিয়ার মধ্যেই এর পাচার বেশি হয়।

ইন্ডিয়ান অয়েল
CIN-L23201MH1959GOI011388
পাইপলাইন বিভাগ
দরখাস্ত আহ্বান (EOI)
পশ্চিমবঙ্গের শিলিগুড়িতে "শিলিগুড়ি ঝাপা পাইপলাইন প্রকল্পের অফিস স্পেস"এর জন্য ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের (পাইপলাইন বিভাগ) কে বাণিজ্যিক স্থান লিজ ভিত্তিতে দেওয়ার জন্য প্রকৃত মালিকদের কাছ থেকে আগ্রহ প্রকাশের (EOI) আমন্ত্রণ জানানো হচ্ছে।
ডাউনলোডের সময়কাল : এই দরখাস্ত আহ্বান প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে।
বিড জমা দেওয়ার সময় : এই দরখাস্ত আহ্বান প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে।
যোগাযোগ : সিনিয়র কনস্ট্রাকশন ম্যানেজার, শিলিগুড়ি, মোবাইল : 9250991965
ই-মেল: uahmad@indianoil.in
আরও বিস্তারিত জানার জন্য দেখুন https://www.iocl.com/suppliers-notices
এই বিজ্ঞাপন সংক্রান্ত যে কোনো প্রকার শুদ্ধিপত্র / সংযুক্তিকরণ / বিজ্ঞপ্তি সংক্রান্ত বিষয় একমাত্র www.iocl.com ওয়েবসাইটে দেখা যাবে।



বেহাল রাস্তা সংস্কারের দাবিতে অবরোধ।

# রাস্তা বেহাল, রাজ্য সড়ক অবরোধ

**মণিশংকর ঠাকুর**

**তপন, ২৬ জুন :** প্রশাসনের দরজায় কড়া নেড়েছেন অনেকবার কিন্তু সাড়া পাননি। তার প্রতিবাদে পথ অবরোধে নামলেন তপন ব্লকের ১ নম্বর রামপাড়া চেঁচড়া গ্রাম পঞ্চায়েতের চন্দ্রাইল ও মুক্তারামপুরের বাসিন্দারা। শুক্রবার একত্রিতভাবে গ্রামবাসীরা নতুন পাকা রাস্তার দাবিতে রাজ্য সড়কের বাবলাতলা মোড়ে অবরোধে বসেন। আন্দোলনকারীদের বক্তব্য, পাকা রাস্তা না থাকায় বর্তমান সময়ে প্রত্যেকদিন তাঁদের চরম সমস্যায় পড়তে হয়। কিন্তু এব্যাপারে কোনও পদক্ষেপ করছে না প্রশাসন। প্রশাসনের টনক নড়াতেই তাঁদের এই পথ অবরোধের সিদ্ধান্ত, বলছেন গ্রামবাসীরা। ব্লক প্রশাসনের কিছুটা টনক নড়েছে, তা স্পষ্ট হয়েছে জয়েন্ট বিডিও-র আশ্বাসে। তাঁর আশ্বাসের জেরেই সকাল ১০টা থেকে শুরু হওয়া পথ অবরোধ প্রত্যাহাত করা হয় বিকেল সাড়ে ৩টা নাগাদ।

প্রস্তুতিটা শুরু হয়েছিল বেশ কিছুদিন ধরেই। নানান আলোচনার শেষে শুক্রবার পাকা রাস্তার দাবিতে পথ অবরোধে শামিল হন কয়েকশো গ্রামবাসী। প্রায় সাড়ে ৫ ঘণ্টার অবরোধে রাজ্য সড়কটিতে আটকে পড়ে প্রচুর গাড়ি। আন্দোলনকারী স্থানীয় বাসিন্দা কমল সরকার বলেন, 'বালুডাঙ্গা প্রাথমিক স্কুল থেকে চন্দ্রাইল হয়ে দক্ষিণ মুক্তারামপুর প্রাথমিক স্কুল পর্যন্ত প্রায় ৫ কিলোমিটার পাকা রাস্তার দাবি দীর্ঘদিন থেকে করা হচ্ছে। কিন্তু কোনও পদক্ষেপ করা হচ্ছে না। তাই আমাদের এই পথ অবরোধ।'

কলেজ ছাত্রী তিথি প্রামাণিক ক্ষোভপ্রকাশ করে বলেন, 'বর্ষার সময় রাস্তায় এতটাই কাদা থাকে যে, হেঁটে চলাচল করা অসম্ভব হয়ে দাঁড়ায়। বিশেষ করে শিশু ও বয়স্কদের জন্য পরিস্থিতি চরম বিপজ্জনক হয়ে ওঠে। প্রতিদিন চরম দুর্ভোগের মধ্যে

> বর্ষার সময় রাস্তায় এতটাই কাদা থাকে যে, হেঁটে চলাচল করা অসম্ভব হয়ে দাঁড়ায়। বিশেষ করে শিশু ও বয়স্কদের জন্য পরিস্থিতি চরম বিপজ্জনক হয়ে ওঠে। প্রতিদিন চরম দুর্ভোগের মধ্যে যাতায়াত করতে হচ্ছে।
>
> **তিথি প্রামাণিক,** *কলেজ ছাত্রী*

যাতায়াত করতে হচ্ছে।'

স্থানীয় বাসিন্দা দ্বিজেন্দ্রনাথ চক্রবর্তীর বক্তব্য, 'কিছুদিন আগে আমার মেয়ের প্রসব ব্যথা উঠেছিল। কালদিঘি হাসপাতালে যাওয়ার জন্য হাঁটতে হয়েছিল। কেননা, বেহাল রাস্তার জন্য টোটো বা গাড়ি এই পথ দিয়ে চলাচল করে না।' জয়েন্ট বিডিওর নতুন রাস্তা তৈরির আশ্বাস কবে কার্যকর হয়, সেদিকেই এখন নজর চন্দ্রাইল ও মুক্তারামপুরের।

## ট্রেনে কাটা

**হেমতাবাদ, ২৬ জুন :** ট্রেনে কাটা পড়ে মৃত্যু হল এক বৃদ্ধার। দুর্ঘটনাটি ঘটেছে হেমতাবাদের বাঙ্গালবাড়ি রেলস্টেশন এলাকায়। বৃহস্পতিবার বিকাল পাঁচটা নাগাদ কাটিহার-রাধিকাপুর প্যাসেঞ্জার ট্রেনের নীচে কাটা পড়েন জয়ন্তীবালা সরকার (৭০)। স্বামী প্রয়াত হওয়ার পর একাই থাকতেন। স্থানীয় বাসিন্দা সুনীল বর্মন জানান, মেয়েদের বিয়ে হয়ে যাওয়ার পর একাই থাকতেন। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ গভর্নমেন্ট মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানোর পাশাপাশি ঘটনার তদন্ত শুরু করে রেল পুলিশ।

## বিক্ষোভ

**কালিয়াগঞ্জ, ২৬ জুন :** কালীগঞ্জে তৃণমূল কংগ্রেসের বিজয় মিছিলে শিশুমৃত্যুর ঘটনায় দোষীদের গ্রেপ্তারের দাবিতে কালিয়াগঞ্জ বামফ্রন্ট কমিটি রাজ্য সড়কে পথ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করল। বৃহস্পতিবার বিকাল ৫টা নাগাদ কালিয়াগঞ্জ থানার সামনে রায়গঞ্জ-বালুরঘাট ১০এ রাজ্য সড়কে অবরোধ শুরু হতেই যানজট হয়। প্রায় ১৫ মিনিট পর অবরোধ ওঠে। জেলা কমিটির সদস্য দেবাশিস পাট্টাদার, জেলা নেতা সুরজিৎ কর্মকার, সিপিএমের উত্তর এরিয়া কমিটির সম্পাদক দীগেন্দ্রনাথ রায় প্রমুখ উপস্থিত ছিলেন।



স্কুল শেষে আইসক্রিমে মজে খুদেরা। রায়গঞ্জে ছবিটি তুলেছেন দিবাকর সাহা।

# প্রবীণ বাম নেতাকে পদ্মের সংবর্ধনা

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ২৬ জুন :** কথায় বলে, তেলে-জলে মিশ খায় না। কিন্তু রাজনীতির জগতে সবই সম্ভব। ঠিক যেমন, বুধবার রাতে রায়গঞ্জের কমলাবাড়িতে ক্ষণিকের জন্য মাখামাখি হয়ে গেল লালে আর গেরুয়ায়। নীতিগতভাবে দুটি রং, থুড়ি দুটি দল সম্পূর্ণ বিপরীত মেরুর। কার্যত একে অপরের জাতশত্রু। অথচ সেই জাতশত্রু সিপিএম দলেরই এক প্রবীণ কর্মীকে বুধবার সংবর্ধনা দিয়ে বসল বিজেপি। যা নিয়ে রীতিমতো চর্চা শুরু হয়েছে রায়গঞ্জের রাজনৈতিক মহলে। গণতন্ত্র হত্যা দিবস উদযাপন করতে গিয়ে রায়গঞ্জের কমলাবাড়ির বাসিন্দা তথা সিপিএমের প্রবীণ পার্টি সদস্য বেদেং বর্মনকে বুধবার রাতে সংবর্ধনা দেওয়া হয় বিজেপির রায়গঞ্জ ২ নম্বর মণ্ডল কমিটির তরফে। মণ্ডলের গেরুয়া নেতা-কর্মীরা কাঁধে জাতীয় পতাকা নিয়ে হাজির হন নবতিপর বেদেং বর্মনের বাড়িতে। তাঁর হাতে পুষ্পস্তবক তুলে দিয়ে সংবর্ধনা জ্ঞাপন করেন বিজেপি কর্মীরা। জরুরি অবস্থার সময় গণতন্ত্র রক্ষার লড়াই করতে গিয়ে পুলিশের হাতে গ্রেপ্তার হয়ে জেল খেটেছিলেন বেদেং। একনিষ্ঠ সিপিএম কর্মীর সেই লড়াইকে স্বীকৃতি দিতেই তাঁকে সংবর্ধনা দেওয়া হল বলে দাবি বিজেপির। দলের রায়গঞ্জ ২ নম্বর মণ্ডল কমিটির সাধারণ সম্পাদক গৌতম দাস বলেন, 'বেদেংবাবু আমাদের দলের সমর্থক নন, ভোটারও নন। জরুরি অবস্থার সময় সাধারণ মানুষের গণতন্ত্র রক্ষার জন্য লড়াই করতে গিয়ে জেল খেটেছেন তিনি। তাই আমরা রাজনীতির ঊর্ধ্বে উঠে এলাকার প্রবীণ নেতাকে সংবর্ধনা দিয়েছি।'



প্রবীণ নেতার সঙ্গে বিজেপিকর্মীরা।

সিপিএমের জেলা নেতৃত্ব দলের একজন প্রবীণ কর্মীকে বিজেপির হাতে সংবর্ধনা নেওয়ার ঘটনাকে ঢোঁক গিলে সমর্থন করলেও কটাক্ষ ছুড়ে দিয়েছে তৃণমূল। সিপিএমের জেলা কমিটির সদস্য প্রদ্যুৎনারায়ণ ঘোষের কথায়, 'বেদেং বর্মন আমাদের দলেই রয়েছেন। এলাকার কিছু তরুণ তাঁর অতীতের লড়াইকে কুর্নিশ জানিয়ে তাঁকে সংবর্ধনা দিয়েছেন। এতে আপত্তির কী আছে?' তৃণমূলের উত্তর দিনাজপুর জেলা সভাপতি কানাইয়ালাল আগরওয়ালের অবশ্য কটাক্ষ, 'আজ যাঁরা বিজেপিতে আছেন তাঁদের অধিকাংশই আগে সিপিএমে ছিলেন। সেই কারণেই সিপিএমের লোকজনকে সংবর্ধনা দিচ্ছে বিজেপি।' যদিও বিজেপির জেলা সভাপতি নিমাই কবিরাজের সাফাই, 'কারা কোন দল করেন তা দেখে সংবর্ধনা দেওয়া হয়নি। জরুরি অবস্থার সময় যাঁরা জেল খেটেছেন তাঁদেরই সংবর্ধনা দেওয়া হয়েছে। কে সিপিএম, কে তৃণমূল বা কে বিজেপি, তা বিচার করা হয়নি।'

নব্বই বছর বয়সে এমন সংবর্ধনা পেয়ে অবশ্য বেজায় খুশি বেদেং বর্মন। একসময় কমলাবাড়ি অঞ্চলে সিপিএমের শাখা কমিটির সম্পাদক ছিলেন তিনি। বেদেং বলেন, 'সেই সময় গণতন্ত্রের পক্ষে লড়াই করছিলাম বলে আমাদের উপর প্রচুর পুলিশি আক্রমণ ও নির্যাতন হয়েছে। পুলিশের ভয়ে কখনও কচুরিপানার আড়ালে পুকুরে ডুব দিয়ে লুকিয়েছি, কখনও খড়ের গাদায় লুকিয়ে রাত্রিযাপন করেছি।' প্রবীণ সিপিএম নেতার বক্তব্য, 'স্থানীয় বিজেপি কর্মীরা আমাকে ভালোবাসে বলেই তাদের সংবর্ধনা নিয়েছি। তবে তাদের হাতে বিজেপির কোনও পতাকা ছিল না।'

বিজ্ঞাপন
ডিয়ার সাপ্তাহিক লটারির
₹১ কোটির বিজয়ী হলেন
দক্ষিণ ২৪ পরগণা-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, দক্ষিণ ২৪ পরগণা - এর একজন বাসিন্দা কুমার হালদার - কে 05.04.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 68K 35238 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "বয়স, লিঙ্গ, প্রেক্ষাপট বা পটভূমি নির্বিশেষে সমস্ত সাধারণ মানুষকে সমান সুযোগ দেওয়ার জন্য আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারিকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। তারা অসংখ্য কোটিপতি তৈরি করেছে এবং আমি গর্বের সাথে বলতে পারি আমিও এখন তাদের মধ্যে একজন।" ডিয়ার লটারির প্রতিটি সরাসরি দেখানো হয় তাই এর সততা প্রমাণিত।
* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।




# রথবাড়িতে রথ নেই

**কল্লোল মজুমদার**

**মালদা, ২৬ জুন :** ‘রথবাড়ি, রথবাড়ি, রথবাড়ি...।’ টোটো, অটোচালক থেকে বাস কনডাক্টরদের এই হাঁক মালদার মানুষের কাছে পরিচিত। শুধু মালদা নয়, প্রতিবেশী এলাকাগুলিরও পরিচয় রয়েছে এমন শব্দের সঙ্গে।

আসলে রথবাড়ি মালদা শহরের একটি অত্যন্ত জনপ্রিয় এবং গুরুত্বপূর্ণ এলাকা। শিলিগুড়ি থেকে কলকাতা অথবা কলকাতা থেকে শিলিগুড়ি, সড়কপথে যাতায়াতের সময় দূরপাল্লার সমস্ত গাড়িই রথবাড়িতে এসে দাঁড়ায়। আবার আশপাশের জেলার মানুষও মালদায় কাজে এসে রথবাড়িতে নামেন। এক কথায় বলা যেতে পারে রথবাড়ি মালদা শহরের প্রাণকেন্দ্র।

কিন্তু, কেন এই এলাকার নাম হল রথবাড়ি, তা অজানা অধিকাংশ মানুষেরই। আসলে জানবেনই বা কীভাবে? আশপাশে তো নেই কোনও রথঘর। রথবাড়ি আসলে জাতীয় সড়ক। তাই জাতীয় সড়কের উপর রথঘর থাকারও কথা নয়। তাহলে কীভাবে এই এলাকার নাম হল রথঘর? মালদায় একটা সময় জমিদার ভগবান চৌধুরীর পরিবারের তরফে বর্তমান শহরের

**স্মৃতির আড়ালে**

- ব্রিটিশ আমলে প্রতিবছর রথের সময় সরাফা থেকে জমিদারের পিলখানা পর্যন্ত রথ টানা হত
- এই পিলখানা ছিল এখনকার রথবাড়িতে
- এখন যেখানে উড়ালপুল, সেখানে ছিল একটা বড় পুকুর

নেতাজি মোড়ের সরাফা ভবন থেকে প্রতিবছর রথ বের করা হত। সে থেকেই রথবাড়ির নামকরণ।

কথা হচ্ছিল ভগবান চৌধুরীর পরিবারের বর্তমান সদস্য ব্রতীন্দ্রনারায়ণ চৌধুরীর সঙ্গে। জমিদার ভগবান চৌধুরী হচ্ছেন তাঁর প্রপিতামহ। ব্রতীন্দ্রবাবুর কথায়, ‘ব্রিটিশ আমলে প্রতিবছর রথের সময় সরাফা থেকে জমিদারের পিলখানা পর্যন্ত রথ টানা হত। এই পিলখানা ছিল এখনকার রথবাড়িতে। এখন যেখানে উড়ালপুল, সেখানে ছিল একটা বড় পুকুর।’

আবার ইতিহাসের পাতায় উল্লেখ, প্রায় ১৫০ বছর আগে মালদা শহরে একটি রথ টানা হত। যার প্রচলন করে তৎকালীন জমিদার চৌধুরী পরিবার। বর্তমান রথবাড়ি মোড় সংলগ্ন এলাকায় একটি পুকুরের দক্ষিণ পাড়ে হিন্দু রীতি অনুযায়ী তৈরি হয়েছিল মন্দির আর রথতলা। মন্দিরে প্রতিষ্ঠিত হয়েছিল রঘুনাথজির বিগ্রহ। অত্যন্ত সুদৃশ্য রথ রঘুনাথজির বিগ্রহ নিয়ে মালদা শহর পরিক্রমা করত। আষাঢ় মাসের নির্দিষ্ট দিনে বাদ্য, হাতি ও ঘোড়ার শোভাযাত্রা সহ এই রথ যেত সরাফা ভবন পর্যন্ত। সেখানেই ৭ দিন থাকার পর রথ আবার ফিরে আসত কৃষ্ণপল্লির নিজস্ব মন্দিরে। জনশ্রুতি, এই বংশেরই জমিদার ভগবান চৌধুরীর আমলের রথটি বর্তমান উড়ালপুলের নীচের একটি পুকুরে ধীরে ধীরে ডুবে যায়। তাকে আর উদ্ধার করা সম্ভব হয়নি, পুনর্নির্মাণ হয়নি রথ। এই পরিবারেরই সদস্য ইংরেজবাজার পুরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরী বলছেন, ‘ভগবান চৌধুরীর পর হরি চৌধুরীর আমলে রথ শুরু হয়েছিল। অতীতের পুকুরেই রথটি ডুবে যায়। তবে রঘুনাথজির বিগ্রহ রয়েছে আইএমএ ভবনের কাছের একটি মন্দিরে।’

১২ নম্বর জাতীয় সড়কের রথবাড়ি আজও সেই রথের স্মৃতি বহন করছে।



*জগন্নাথ দেবের দারুব্রহ্ম মূর্তি দেখা যাবে রায়গঞ্জের বিশ্বাসবাড়ির রথযাত্রা উৎসবে। বৃহস্পতিবার শেষমুহূর্তের প্রস্তুতি। ছবি : দিবাকর সাহা।*

## ৯দিন ধরে রথের অনুষ্ঠান

**রায়গঞ্জ, ২৬ জুন :** রথযাত্রাকে ঘিরে সেজে উঠেছে ইসকনের রথ এবং দেবীনগর কালীবাড়িতে অবস্থিত জগন্নাথ দেবের মাসির বাড়ি। ইসকন মন্দিরে বৃহস্পতিবার থেকেই শুরু হয়েছে অনুষ্ঠান। আগামী ৯ দিন ধরে দেবীনগর কালীবাড়িতে মাসির বাড়িতে হবে নানা অনুষ্ঠান। এবার বিদেশি ভক্তদের আমন্ত্রণ জানানো হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ইসকনের অন্যতম গুরুদেব জয়পতাকা স্বামী গুরুমহারাজ। রায়গঞ্জ ইসকন নামহট্ট মন্দিরের সম্পাদক মদন সরকার বলেন, ‘রথযাত্রা শেষ হলেই নামহট্টমেলা সফল করতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হবে। প্রতিবার এই জেলায় হলেও এবার তা হচ্ছে মায়াপুরে।’

## পরিদর্শনে টিম

**মালদা, ২৬ জুন :** মাসদুয়েক আগেই মালদা মেডিকেলে চালু হয়েছে টাইপ ওয়ান ডায়াবিটিস ক্লিনিক। ইতিমধ্যে ১৫-১৬ জন রোগী এই ক্লিনিক থেকে পরিষেবা নেওয়া শুরু করেছেন। বৃহস্পতিবার মেডিকেলের এই ক্লিনিক পরিদর্শনে আসে স্বাস্থ্য ভবনের চার সদস্যের প্রতিনিধিদল। ক্লিনিকের পরিকাঠামো খতিয়ে দেখার পাশাপাশি ওই প্রতিনিধিদলের বিশেষজ্ঞ চিকিৎসক একাধিক রোগীকে দেখে তাঁদের নানা পরামর্শ দেন। ওই দলের সদস্য ডাঃ সুমিত চক্রবর্তী বলেন, ‘মালদা মেডিকেলে টাইপ ওয়ান ডায়াবিটিস ক্লিনিক চালু করা হয়েছে। আমরা এই ক্লিনিক পরিদর্শনে এসেছি। এই ক্লিনিক গত দুই মাস ধরে চালু রয়েছে। ইতিমধ্যে এখানে ১৫ জন রোগী পরিষেবা নিচ্ছেন।’

## কংগ্রেসের দাবি

**রায়গঞ্জ, ২৬ জুন :** মাশুল বৃদ্ধি সহ আনুষঙ্গিক বিদ্যুৎ বণ্টন ও পরিচালন বিধি বিষয়ক বিভিন্ন অনিয়মের প্রতিবাদে বিদ্যুৎ দপ্তরে স্মারকলিপি দিল উত্তর দিনাজপুর জেলা কংগ্রেস কমিটি। কর্মসূচিতে উপস্থিত ছিলেন তিলকতীর্থ ভৌমিক, লিয়াকত আলি সহ অন্যরা।

# আবর্জনা ফেললেই জরিমানা মালদায়

**মালদা, ২৬ জুন :** এতদিন নানা কারণে জরিমানার কথা শোনা গিয়েছে বিভিন্ন জায়গায়। কিন্তু রাস্তায় আবর্জনা ফেললেই জরিমানা, এমন ঘটনা বিশেষ শোনা যায়নি। এবার ঠিক সেই কাজটাই ঘটতে চলেছে মালদায়। যেখানে শহরের রাস্তায় আবর্জনা ফেললেই জরিমানা! যার পরিমাণ ১ হাজার থেকে ১ লাখ টাকা পর্যন্ত হতে পারে। এ বিষয়ে নজরদারি চালাতে শহরের প্রতিটি ওয়ার্ডে দায়িত্ব দেওয়া হবে স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলাদের। পুর চেয়ারম্যান কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরীর কথায়, ‘স্বচ্ছ ভারত মিশনের অন্তর্গত ভারতবর্ষের কোনও শহরেই রাস্তার উপরে আবর্জনা ফেলা যাবে না। আমরা এতদিন মালদার নাগরিকদের শুধুমাত্র সচেতন করছিলাম। কিন্তু আর নয়। এবার কোনও নাগরিক তাঁদের বাড়ির আবর্জনা রাস্তায় ফেললে আর্থিক জরিমানা করা হবে।’

পুরসভার সিআইসি শুভময় বসুর কথায়, ‘মহিলাদের সশক্তিকরণে জোর দিচ্ছি। ইংরেজবাজার পুরসভার অধীনে ৮০৮টি মহিলা গোষ্ঠী রয়েছে। শুধু আবর্জনা ফেলার উপর নজরদারির কাজে নয়, তাঁদের পুর প্রকল্প রূপায়ণের বিভিন্ন কাজে ব্যবহার করা হচ্ছে।’ এর মধ্যে যেমন রয়েছে জলকর সংগ্রহ করা, তেমনি নির্মল সাথীর কাজ, জঞ্জালের সার্ভিস চার্জ সংগ্রহ প্রভৃতি।

# অস্ত্রোপচারে জীবনরেখা হাসপাতালের সাফল্য



*ললিতা সরকারের চিকিৎসা করছেন ডাঃ শান্তনু দাস।*

**রায়গঞ্জ, ২৬ জুন :** হার্টের অপারেশনে ফের সাফল্য পেল রায়গঞ্জের জীবনরেখা হাসপাতাল। বৃহস্পতিবার জীবনরেখা হাসপাতালের কর্ণধার ডাঃ শান্তনু দাস সাংবাদিক বৈঠক করে সাফল্যের কথা তুলে ধরেন। তিনি বলেন, ‘শিলিগুড়ির শিবমন্দিরের বাসিন্দা ললিতা সরকারের (৩৬) জন্মের পর থেকেই হার্টে ফুটো ছিল। অনেক জায়গায় ঘুরেও সমাধান করতে পারেননি তিনি। অবশেষে তাঁর এক আত্মীয় জীবনরেখা হাসপাতালের সঙ্গে যোগাযোগ করেন। হাসপাতালের চিকিৎসক অস্মিতা দাস দেখেন তাঁকে। গত ২২ জুন অস্ত্রোপচার হয়। এখন তিনি পুরোপুরি সুস্থ। হার্টের ফুটোটি আর নেই। অস্ত্রোপচারটি হয় স্বাস্থ্যসাথী কার্ডের মাধ্যমে।’

এদিকে ললিতাদেবী জানান, তিনি গত চার মাস ধরে অসুস্থ ছিলেন। কোথাও গিয়ে লাভ হয়নি। অবশেষে রায়গঞ্জে অস্ত্রোপচার হয়। এখন তিনি অনেকটা সুস্থ। কার্ডিওলজিস্ট ডাঃ অস্মিতা দাসের কথায়, ‘রোগী এসেছিলেন শ্বাসকষ্ট এবং হার্টের সমস্যা নিয়ে। পরীক্ষা করে দেখা যায় ওনার জন্মগত হার্টে ফুটো ছিল। মাইক্রো সার্জারির মাধ্যমে তাঁর সমস্যার সমাধান করা হয়েছে।’



*বেহাল দশা বাজারের।*

# জলকাদায় দুর্ভোগ বাজারে

**অনুপ মণ্ডল**

**বুনিয়াদপুর, ২৬ জুন :** বৃষ্টি হলে জলকাদা জমে যায় বুনিয়াদপুরের মাছমাংসের বাজারে। ফলে বাজার করতে গিয়ে ভোগান্তির শিকার হন ক্রেতারা। বর্ষাকালে বাজারের এই নোংরা পরিবেশ নিত্যদিনের সঙ্গী হয়ে গিয়েছে ব্যবসায়ীদের কাছে। ব্যবসায়ীদের অভিযোগ, তাঁরা দীর্ঘদিন ধরে এই জায়গায় ব্যবসা করছেন। কিন্তু এখনও পর্যন্ত কোনও স্থায়ী পরিকাঠামো তৈরি করা হয়নি। এবিষয়ে পুর প্রশাসক কমল সরকার জানান, নতুন মার্কেট কমপ্লেক্সের পাশে মাছ ও মাংস ব্যবসায়ীদের জন্য একটি পাকাপোক্ত শেড তৈরি করার পরিকল্পনা আছে। জায়গাটি কৃষি দপ্তরের। খুব শীঘ্র জমিজট কাটিয়ে স্বল্প বাজেটে মাছ ও মাংস ব্যবসায়ীদের বসার জন্য স্থায়ী ব্যবস্থা করার আশ্বাস দিয়েছেন তিনি। বর্তমানে যাতে বাজারে জলকাদা না জমে সেজন্য রাবিশ ফেলা হবে।

অন্যদিকে, কৃষকদের জন্য প্রশাসনের পক্ষ থেকে ইতিমধ্যে দুটি স্থায়ী পাইকারি ও খুচরো মার্কেট কমপ্লেক্স নির্মাণ করা হয়েছে। সেই সময় প্রশাসনের পক্ষ থেকে মাছ ও মাংস ব্যবসায়ীদের বলা হয়েছিল যে, মার্কেট কমপ্লেক্সের পাশে তাঁদের ব্যবসার জন্য পাকা শেড তৈরি করে দেওয়া হবে। সেজন্য ওই জায়গাটি মাটি দিয়ে ভরাট করা হয়েছিল। কিন্তু তারপর থেকে শেড তৈরির কাজ আর কিছু হয়নি। বর্তমানে তাঁরা খোলা আকাশের নীচে ত্রিপল টাঙিয়ে কোনও মতে ব্যবসা করছেন।

> বর্ষার কয়েক মাস বাজার করতে এসে নাজেহাল হয়ে যাই। কবে এই সমস্যার সমাধান হবে তা জানি না।
>
> **স্বপন তরফদার,** *স্থানীয় বাসিন্দা*

এক মাছ ব্যবসায়ী বলেন, ‘আমরাও পুরসভার আওতাধীন করদাতা। তাহলে আমাদের জন্য পুরসভার পক্ষ থেকে কেন কোনও স্থায়ী ব্যবস্থা করা হচ্ছে না।’

স্থানীয় বাসিন্দা স্বপন তরফদার বলেন, ‘আমরা মাছে-ভাতে বাঙালি। প্রায় রোজই বাজারে আসি। পুরসভা তৈরি হওয়ার প্রায় দশ বছর হয়ে গেলেও বাজারের পরিকাঠামো উন্নত হয়নি। বর্ষার কয়েক মাস বাজার করতে এসে নাজেহাল হয়ে যাই। কবে এই সমস্যার সমাধান হবে জানি না।’

